দৈনিক
ইনকিলাব

তারিখ 21 AUG 2008
পৃষ্ঠা 2 কলাম ৭

# দেয়ার জন্য ৭ প্রধান শিক্ষকের উকিল নোটিশ

স্টাফ রিপোর্টার : রেজিঃ বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের পদোন্নতি সংক্রান্ত পরিপত্র সংশোধন করে বর্তমানে কর্মরত সকল প্রধান শিক্ষকের পদ বহাল রেখে ঘোষিত স্কেলে বেতন-ভাতাদি কেন দেয়া হবে না- এই মর্মে সকল প্রধান শিক্ষকের পক্ষে সুপ্রীম কোর্টের এডভোকেট মোঃ সাহেদ আলী জিন্নাহ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব, উক্ত মন্ত্রণালয়ের উপ-সচিব (বিদ্যা), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরীবিক্ষণ ইউনিটের মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালকসহ সংশ্লিষ্ট সকলের প্রতি ৭ দিনের সময় দিয়ে এক উকিল নোটিশ দিয়েছে। প্রধান শিক্ষকদের পক্ষে ৭ জন প্রধান শিক্ষক বাদী হয়ে এই উকিল নোটিশ দিয়েছেন। এই ব্যাপারে বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির উদ্যোগে ঢাকায় জাতীয় প্রেসক্লাবে আজ সকাল ১১টায় এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হবে।

উকিল নোটিশ দিয়েছেন- নজরুল ইসলাম, প্রধান শিক্ষক, শার্শা, যশোর; মোঃ ওমর আলী তালুকদার, প্রধান শিক্ষক, বেলকুচি, সিরাজগঞ্জ; নূর মোহাম্মদ পাটোয়ারী, প্রধান শিক্ষক, সিংড়া, নাটোর; আব্দুর রউফ, প্রধান শিক্ষক, বদলগাছী, নওগাঁ; এমদাদুল হক বাবলু, প্রধান শিক্ষক, কিশোরগঞ্জ; শাহ আলম মোল্লা, প্রধান শিক্ষক, বেলকুচি, সিরাজগঞ্জ এবং মোঃ মোতাহারুল